কিশোরগঞ্জ-৩ আসনের এমপি ওসমান ফারুকের পদত্যাগ



ওমর ফারুক। ছবি: সংগৃহীত

শারীরিক অসুস্থতার কারণে সংসদ সদস্য পদ ছেড়েছেন কিশোরগঞ্জ-৩ আসনের বিএনপিদলীয় সংসদ সদস্য ড. মুহাম্মদ ওসমান ফারুক। ই-মেইলে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের কাছে পদত্যাগপত্র পাঠান তিনি।

মঙ্গলবার সংসদ অধিবেশনের শুরুতে স্পিকার তাঁর পদত্যাগের বিষয়টি জানান। স্পিকার বলেন, গত ১৪ নভেম্বর থেকে পদত্যাগ কার্যকর করার সিদ্ধান্ত নিয়ে স্বাক্ষর করা চিঠি পাঠিয়েছিলেন ওসমান ফারুক। গত ১৫ নভেম্বর চিঠিটি পাওয়ার পর বিধি অনুযায়ী তা গ্রহণ করা হয়েছে। এদিন থেকেই কিশোরগঞ্জ-৩ আসনটি শূন্য ঘোষণা করা হয়।

সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, চিকিৎসার জন্য দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন ওসমান ফারুক। সেখান থেকেই তিনি পদত্যাগপত্র পাঠিয়েছেন।

বিএনপির ভাইস চেয়ারম্যান ও সাবেক শিক্ষামন্ত্রী ওসমান ফারুক ২০২৬ সালের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষ প্রতীকে কিশোরগঞ্জ-৩ আসন থেকে নির্বাচিত হন। এর আগে ২০০১ সালে অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে কিশোরগঞ্জ-৪ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়ে বিএনপি সরকারের শিক্ষামন্ত্রীর দায়িত্ব পালন করেন।